

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৭৩. হারাম শরীফের মর্যাদা ক্ষুণ্ণ করা

মকা ও মদীনার হারাম এলাকার মর্যাদা ক্ষুপ্প করাও আরেকটি কবীরা গুনাহ্। আল্লাহ্ তা আলা বলেন:

«وَمَنْ يُّرِدْ فِيْهِ بِإِلْحَادٍ بِظُلْمٍ نُّذِقْهُ مِنْ عَذَابٍ أَلِيْمٍ»

"আর যে ব্যক্তি হারাম শরীফের মর্যাদা ক্ষুপ্প করার ইচ্ছে করবে আমি তাকে আস্বাদন করাবো মর্মন্তুদ শাস্তি"। (হাজ্জ : ২৫)

আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

أَبْغَضُ النَّاسِ إِلَى اللهِ ثَلَاثَةٌ : مُلْحِدٌ فِيْ الْحَرَمِ، وَمُبْتَغٍ فِيْ الْإِسْلَامِ سُنَّةَ الْجَاهِلِيَّةِ، وَمُطَّلِبٌ دَمَ امْرِئٍ بِغَيْرِ حَقٍّ لِيُهُرِيْقَ دَمَهُ.

"তিন ব্যক্তি আল্লাহ্ তা'আলার নিকট সর্ব নিকৃষ্ট। হারাম শরীফের সম্মান ক্ষুপ্পকারী, মুসলিম হয়ে জাহিলিয়্যাতের মত ও পন্থা অম্বেষণকারী এবং অবৈধভাবে কাউকে হত্যা করতে আগ্রহী"। (বুখারী ৬৮৮২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6747

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন